

WEST BENGAL G.R.S ASSOCIATION

Registered as West Bengal Gram Rozgar Sevak Welfare Association (S/1L/84653 of 2011) & Bengal Gram Rojgar Sahayak Association (IV-1903-01649/2019)

Vide URN of 12(A): AADTB8158RE20212, Dated: 24.09.2021 & 80 (G): AADTB8158RF20210, Dated: 01.11.2021

Registered & Communication Addresses: Vill- Srirampur, P.O- Srirampur Mid, P.S- Tamluk, District- Purba Medinipur, Pin No- 721651 (West Bengal)

BLOCK COMMITTEE

Website: www.wbgrsa.org

Email: westbengalgrsassociation@gmail.com

Ref No:

Date: / / 2026

প্রতি,
সমষ্টি উন্নয়ন আধিকারিক

.....উন্নয়ন ব্লক

.....জেলা

বিষয়: গ্রাম রোজগার সহায়ক (GRS)-দের দীর্ঘদিনের সমস্যা এবং দাবি-দাওয়া সংক্রান্ত স্মারকলিপি।

শ্রদ্ধেয় মহাশয় / মহাশয়া,

আপনাকে সংগঠনের পক্ষ থেকে এবংউন্নয়ন ব্লকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে কর্মরত গ্রাম রোজগার সহায়ক দের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

আপনার অবগতির জন্য জানাই যে, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের অধীনে MGNREGA (বর্তমানে VB-G-RAM-G) প্রকল্পে ২০০৮ সাল থেকে রাজ্যের বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে গ্রাম রোজগার সহায়ক (GRS) হিসেবে আমরা কর্মরত। এই পদটি সর্ব ভারতীয় এবং গ্রাম পঞ্চায়েত সচিবের সমতুল্য। নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা ও কম্পিউটার দক্ষতার ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত হয়ে আমরা দীর্ঘদিন ধরে শুধু MGNREGA (বর্তমানে VB-G-RAM-G) নয়, গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন প্রশাসনিক, উন্নয়নমূলক ও জনপরিষেবা সংক্রান্ত কাজ নিষ্ঠার সঙ্গে সম্পাদন করে চলেছি।

গ্রাম পঞ্চায়েত স্তরে কর্মী সংকট থাকা সত্ত্বেও গত প্রায় দুই দশক ধরে আমরা গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে আসছি। অথচ আজও চাকরির স্থায়িত্ব, উপযুক্ত বেতন কাঠামো, সামাজিক নিরাপত্তা ও ভবিষ্যৎ সুরক্ষার ক্ষেত্রে আমরা বঞ্চিত। দেশের বিভিন্ন রাজ্যে GRS-দের জন্য স্থায়ীকরণ, নির্দিষ্ট বেতন স্কেল এবং সরকারি চাকরিতে অগ্রাধিকারের ব্যবস্থা থাকলেও বিগত ১৫ বছরে পশ্চিমবঙ্গে এখনও তেমন কোনো কার্যকর উদ্যোগ গ্রহণ করা হয়নি।

এই প্রেক্ষিতে, আপনার সদয় হস্তক্ষেপে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনার জন্য আবেদন জানাচ্ছি—

- চাকরির স্থায়ীকরণ ও সুসংগঠিত বেতন কাঠামো:** GRS-দের জন্য আইনসম্মত চাকরির নিরাপত্তা, নির্দিষ্ট বেতন স্কেল ও অবসরকালীন সুবিধা নিশ্চিত করা। উদাহরণ: হিমাচল প্রদেশ, রাজস্থান, মণিপুর এর মতো রাজ্যে পে স্কেল এবং বিহার, আসাম, পাঞ্জাব, মধ্যপ্রদেশ, কেরালা, গুজরাট রাজ্যে উপযুক্ত বেতন কাঠামো প্রদান।
- স্থায়ী সরকারি পদে অগ্রাধিকার ও অন্তর্ভুক্তিকরণ:** পঞ্চায়েত সচিব ও অন্যান্য সমতুল্য পদে নিয়োগের ক্ষেত্রে অভিজ্ঞতার ভিত্তিতে অগ্রাধিকার (কমপক্ষে ৫০%), বয়সের উর্ধ্বসীমায় ছাড় এবং স্থায়ীভাবে অন্তর্ভুক্তিকরণের ব্যবস্থা করা। উদাহরণ: ওড়িশা রাজ্যে একাউন্টেন্ট কাম ডি.ই.ও পদে নিয়োগ এবং মধ্যপ্রদেশ ও পাঞ্জাব রাজ্যে গ্রাম পঞ্চায়েত সচিব পদে পদোন্নতি।
- 'সমকাজে সমবেতন' ও নিয়মিত ইনক্রিমেন্ট:** যোগ্যতা, দায়িত্ব ও অভিজ্ঞতার ভিত্তিতে ন্যায্য পারিশ্রমিক এবং নিয়মিত ইনক্রিমেন্ট চালু করা।
- স্বাস্থ্যবিমা ও সামাজিক নিরাপত্তা:** সমস্ত GRS ও তাঁদের নির্ভরশীল পরিবারের সদস্যদের উপযুক্ত স্বাস্থ্যবিমা ও সামাজিক সুরক্ষা প্রকল্পের আওতায় আনা।
- ফিল্ড লেভেল কাজের জন্য ভ্রমণভাতা (TA) ও ইনসেন্টিভ:** 'জিও-ট্যাগিং' (Geo-Tagging) এবং 'জল দূত' (Jal Doot)-এর মতো জটিল ফিল্ড লেভেল কাজের জন্য, প্রকল্প পরিদর্শন ও অন্যান্য কাজের যাতায়াত ও জ্বালানির বর্ধিত খরচ বাবদ ভ্রমণভাতা (TA) এবং অতিরিক্ত ইনসেন্টিভ প্রদান করতে হবে।
- অতিরিক্ত কাজের ধরন ও কাজের জন্য পারিশ্রমিক:** স্থায়ী কর্মীর শূন্যতার জন্য মূল GRS কাজের বাইরে অন্যান্য দপ্তরের অতিরিক্ত অপ্রাসঙ্গিক কাজ চাপানো বন্ধ করতে হবে। ও অতিরিক্ত প্রাসঙ্গিক কাজের দায়িত্ব দিলে তার জন্য যথাযথ অতিরিক্ত পারিশ্রমিক সুনিশ্চিত করতে হবে।
- অবাস্তব লক্ষ্যমাত্রা এবং ভৌগোলিক চ্যালেঞ্জের বিবেচনা:** মাঠপর্যায়ের প্রকৃত পরিস্থিতি, ভৌগোলিক চ্যালেঞ্জ এবং দুর্বল নেটওয়ার্ক বা পরিকাঠামোগত সীমাবদ্ধতা বিবেচনা না করে ওপরমহল থেকে কাল্পনিক লক্ষ্যমাত্রা (Target) চাপানো বন্ধ করতে হবে। পরিকাঠামোগত ব্যর্থতার দায় অন্যান্যভাবে GRS-দের ওপর চাপানো যাবে না।
- ছুটির অধিকার সুরক্ষা:** জরুরি প্রয়োজন ব্যতিত সরকারি ছুটির দিন এবং সাপ্তাহিক ছুটির দিনগুলিতে আমাদের ও আমাদের পরিবারের জন্য ছুটির অধিকার সুরক্ষিত করতে হবে এবং হোয়াটসঅ্যাপ বা মৌখিক অর্ডার এর পরিবর্তে লিখিত অর্ডার প্রদান করতে হবে।
- কেন্দ্রীয় নির্দেশিকা যথাযথ বাস্তবায়ন:** VB-G-RAM-G সংক্রান্ত কেন্দ্রীয় নির্দেশিকা ও বার্ষিক মাস্টার সার্কুলার অনুযায়ী GRS-দের দায়িত্ব, কর্মপরিবেশ ও চাকরির শর্তাবলি নিশ্চিত করা।

মাননীয় মহাশয়/মহাশয়া, আপনার সহানুভূতিশীল উদ্যোগ আমাদের দীর্ঘদিনের অনিশ্চয়তা ও বঞ্চনার অবসান ঘটাতে পারে। আমাদের ন্যায্য অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠায় আপনার আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

বিনীত

সকল গ্রাম রোজগার সহায়ক

..... উন্নয়ন ব্লক

WEST BENGAL G.R.S ASSOCIATION

Registered as West Bengal Gram Rozgar Sevak Welfare Association (S/1L/84653 of 2011) & Bengal Gram Rojgar Sahayak Association (IV-1903-01649/2019)

Vide URN of 12(A): AADTB8158RE20212, Dated: 24.09.2021 & 80 (G): AADTB8158RF20210, Dated: 01.11.2021

Registered & Communication Addresses: Vill- Srirampur, P.O- Srirampur Mid, P.S- Tamluk, District- Purba Medinipur, Pin No- 721651 (West Bengal)

BLOCK COMMITTEE

Website: www.wbgrsa.org

Email: westbengalgrsassociation@gmail.com

উপস্থিত গ্রাম রোজগার সহায়ক-দের স্বাক্ষর

- 1.
- 2.
- 3.
- 4.
- 5.
- 6.
- 7.
- 8.
- 9.
- 10.